# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৫৭: দুই ঈদের দিন এবং জুম‘আর দিনকে ক্কবর যিয়ারতের জন্য নির্দিষ্ট করে নেওয়ার বিধান কি? এই দিনগুলিতে কি জীবিতদের সাথে সাক্ষাত করতে হবে নাকি ক্কবর যিয়ারত করতে হবে?

এই দিনগুলিকে ক্কবর যিয়ারতের জন্য নির্দিষ্ট করে নেওয়ার কোনো ভিত্তি নেই। সুতরাং ঈদের দিনকে ক্কবর যিয়ারতের জন্য নির্দিষ্ট করে নেওয়া এবং এমন আমলকে শরী‘আতসম্মত মনে করা বিদ‘আত। কেননা রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম থেকে এমর্মে কিছুই বর্ণিত হয় নি এবং কোনো বিদ্বান এ মতের পক্ষে অভিমত দিয়েছেন মর্মেও আমার জানা নেই। তবে জুম‘আর দিনের ব্যাপারে কতিপয় বিদ্বান বলেছেন, এই দিনে ক্কবর যিয়ারত করা উচিৎ। তবে তাঁরা তাঁদের মতের পক্ষে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম থেকে কোন দলীল পেশ করেননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1714

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন